

স্নাতকোত্তর পরীক্ষা ২০১৭

বাংলা

সেমেস্টার : ৪ : কোর্স : ২

বিশেষ পত্র : লোকসংস্কৃতি ও লোকসাহিত্য

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

- ১। ছড়ার সংজ্ঞা ও স্বরূপের পরিচয় দাও। ছড়ায় কীভাবে পারিবারিক সম্পর্ক প্রতিফলিত হয়েছে তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ১+২+৭=১০
- ২। ছড়ায় জাদুবিশ্বাস সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো। ১০
- ৩। ‘প্রবাদের উপস্থাপনরীতি বেশ চমকপ্রদ।’— মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

একক - ২

- ৪। লোককথার বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ উল্লেখ করে যে-কোনো একটি শ্রেণি সম্পর্কে আলোকপাত করো। ১০
- ৫। সংক্ষেপে বাংলা লোককথাচর্চার ইতিহাসের পরিচয় দাও। ১০
- ৬। সাহিত্যিক ধাঁধার বৈশিষ্ট্য উল্লেখ করো। প্রথম যুগের ছোটোদের পত্রিকাগুলিতে কীভাবে সাহিত্যিক ধাঁধা পরিবেশিত হয়েছে, সে বিষয়ে একটি সংক্ষিপ্ত রূপরেখা অঙ্কন করো। ১০

একক - ৩

- ৭। ‘মলুয়ার প্রত্যুৎপন্নমতিত্বের কোনো তুলনা হয় না।’— তোমাদের পাঠ্য গীতিকা অবলম্বনে মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১০
- ৮। ‘সংগ্রাম ও প্রতিপক্ষের মৃত্যুর বিনিময়ে প্রেমের জয় হয়েছে রাঢ়বঙ্গগীতিকায়।’— পাঠ্য গীতিকা অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১০
- ৯। গীতিকাসাহিত্যে প্রতিফলিত অসাম্প্রদায়িক বাতাবরণ বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লেখো। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

- (ক) উপকথার দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।
- (খ) বাংলায় দুটি প্রবাদসংকলন গ্রন্থের নাম লেখো।
- (গ) Folk-Tales of Bengal বইটির রচনাকাল ও প্রকাশকাল উল্লেখ করো।
- (ঘ) ছড়ার আকারে প্রাপ্ত উত্তরসহ দুটি ধাঁধার উল্লেখ করো।
- (ঙ) মনোহর ফাঁসিড়ার পুত্রদের নাম কী ছিল ?
- (চ) মলুয়া পালায় মলুয়ার পিতা ও স্বামীর নাম লেখো।